



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার নং-০৭

১১ মার্চ ২০২৬

তারিখ: -----

২৬ ফাল্গুন ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সরকারি বন্ড (Treasury Bond)-কে জামানত রেখে ঋণ প্রদান প্রসঙ্গে

ঋণ শ্রেণিকরণ ও প্রভিশনিং সংক্রান্ত বিষয়ে ২৭ নভেম্বর ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫ এর প্রতি আপানদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী লিয়েনকৃত সরকারি বন্ড যোগ্য জামানত হিসেবে অন্তর্ভুক্ত বিধায় ব্যাংকসমূহ ট্রেজারি বন্ড লিয়েন রেখে গ্রাহকদেরকে ঋণ বিতরণ করতে আগ্রহী মর্মে বাংলাদেশ ব্যাংক অবগত হয়েছে। এক্ষেপে, ট্রেজারি বন্ড জামানত হিসেবে রেখে ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংকসমূহ কর্তৃক নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

- ক) ট্রেজারি বন্ডের বিপরীতে গ্রাহকদের ওভারড্রাফট/মেয়াদী ঋণসুবিধা প্রদান করার পূর্বে ব্যাংক কর্তৃক Financial Market Infrastructure (FMI) সিস্টেমে গ্রাহকদের ট্রেজারি বন্ডকে লিয়েন মার্ক করতে হবে;
- খ) বন্ডের অভিহিত মূল্যের (Face Value) সর্বোচ্চ ৭৫% পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করা যাবে। তবে সুদারোপের কারণে ঋণের স্থিতি বন্ডের অভিহিত মূল্যকে কোনক্রমেই অতিক্রম করতে পারবে না;
- গ) ঋণের মেয়াদ কোনোভাবেই বন্ডের মেয়াদের বেশি হবে না;
- ঘ) বন্ড ক্রয়ের উদ্দেশ্যে ব্যাংক কর্তৃক কোনো ঋণ প্রদান করা যাবে না।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২